

# প্যারেন্টিং স্কিলস

কুরআন-সুন্নাহর আন্দোলকে প্রায়োগিক উদাহরণসহ  
সকল বয়সি অতিথাবকের গাইডগাইন

বই	<b>প্রারম্ভিক ক্লিনিস</b>
মৃগ	ড. একরাম, ড. মুহাম্মদ রিদা বশির
অবস্থানে	সানজিলা সিলিকোনী কল্পা
বানান সহজয়	মার্কগেমে মাহমুদ
প্রকাশক	মুহাম্মদ আবদুজ্জাহ খান
প্রক্ষেপ	সানজিলা সিলিকোনী কল্পা
অঙ্গসংজ্ঞা	মুহাম্মদ পারসিকেশন ফাইবার টিম

# প্যারেন্টিং ক্লিন

কুরআন-সুন্নাহর আলোকে প্রায়োগিক উদাহরণসহ

সকল বয়সি অভিভাবকের গাইডলাইন

ড. একরাম, ড. রিদা বশির



## **প্রারন্তিৎ স্কিলস সানজিদা সিদ্দিকী কথা**

প্রকাশকাল : বাংলাদেশ ২০২১

প্রকাশনায়

### **মুহাম্মদ পাবলিকেশন**

ইসলামী টাওয়ার, আন্তর প্রাইভেট, সেকেন নং # ১৮,  
১১/১ ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা-১১০০  
+৮৮ ০১৬১৫-০৩৬৪০০, ০১৬২৫-০৭ ৮০ ৮২

অঙ্গবিত্ত : প্রকাশক কর্তৃক সংরক্ষিত

আনলাইনে অর্ডার করুন

গুরুতরিচ বিডি.কম-এ

**www.wellreachbd.com**

ইসলামী টাওয়ার, আন্তর প্রাইভেট, সেকেন নং # ১৮,  
১১/১ ইসলামী টাওয়ার, বাংলাবাজার, ঢাকা-১১০০  
+৮৮ ০১৮১১-২৭০ ২৮০, ০১৬৩১-০৮ ১১১১

অথবা **rokomari.com & wafilife.com**-এ

বাংলাদেশ প্রিয়েশন

বাংলার প্রকাশন

**মূল্য : BD ট ১৩০, US \$ 8, UK £ 5**

### **PARENTING SKILLS**

Writer : Dr. Ekram & Dr. Mohamed Rida Beshir

Translated : Sanjida Siddiqui Kotha

Editor : Mohiuddin Kasemi

Published by

### **Muhammad Publication**

Islami Tower, Under Ground, Shop # 18  
11/1 Islami Tower, Banglabazar, Dhaka-1100  
+88 01315-036403, 01623-334342

<https://www.facebook.com/muhammadpublicationBD/>  
muhammadpublicationBD@gmail.com  
[www.muhammadpublication.com](http://www.muhammadpublication.com)

**ISBN : 978-984-95222-5-6**

হচ্ছে সংরক্ষিত। প্রকাশকের সিদ্ধিত অনুমতি ব্যৱহৃত বইটির ক্ষেত্রে আশ্চর্য ইস্টেটিলিক বা প্রিন্ট মিউডিয়াত পুনঃপ্রকাশ নথুণ নিষিদ্ধ। বইটের ক্ষেত্রে অবশ্যে পুনৰুৎপাদন বা প্রতিলিপি করা যাবে না। ক্ষয়ন করে ইন্টারনেটে আপনোত্তোলন করা, বটোকপি বা অন্য ক্ষেত্রে উপায়ে প্রিন্ট করা সবেধ এবং আইনত দণ্ডনীয়।

## ଅର୍ପଣ

ମୁସଲିମ ଉତ୍ସାହର ପ୍ରତିଟି ସନ୍ତାନେର  
ଦେକହ୍ୟାତ ଓ ଇମାନି ଜୀବନ ପ୍ରତ୍ୟାଶାୟ...





## প্রকাশকের কথা

শিশুরা পবিত্র ও নিষ্পাপ। শিশুরা মঙ্গলের কারণ, আনন্দের উপকরণ ও প্রেরণার উৎস। শিশুরা জাজাতের ফুল। শিশুরই আমাদের ভবিষ্যৎ প্রজন্ম। আমাদের স্বপ্ন বাস্তবায়নের হাতিয়ার। মহান প্রষ্টাব এক অপূর্ব নিয়ামত। এ প্রসঙ্গে আজ্ঞাহ তাআলা বলেন—

الْمَلْ وَالْبُشْرُ زِينَةُ الْحَيَاةِ الدُّنْيَا .

ধন-ঐশ্বর্য ও সন্তানসন্তুতি পাধির জীবনের সৌন্দর্য।

শিশু মানবজাতির অতীব শুরুত্বপূর্ণ অংশ। পারিবারিক শাস্তি, সামাজিক স্থিতিশীলতা ও উন্নয়নের জন্য প্রয়োজন শিশুদের আদর্শ মানুষ হিসেবে গড়ে তোলা। তাই শিশুদের মেধা বিকাশে ও সুনাগারিক হিসেবে গড়ে তুলতে তাদের সুরক্ষা ও নিরাপত্তাবিধানের পাশাপাশি সুশিক্ষায় শিক্ষিত করা প্রত্যেক পিতামাতার প্রধান দায়িত্ব।

আপনার সন্তান আপনার আমান্ত। কিন্তু সেই আমান্ত কীভাবে সংরক্ষণ করবেন, কীভাবে তাকে আদর্শ মানুষে পরিণত করবেন সেটাই হ্রাতো জানেন না। আর এ সমস্যাটি শুধু আপনার-আমার ক্ষেত্রেই নয়; সেশের গোটা সমাজটিতেই দেখা যায় পিতামাতার অদৃশ গাইডলাইনে হাজারো সন্তান হারিয়ে যাচ্ছে অঙ্কুরারের অতল গহুরে।

এজন্য আমরা শিশুদের ওপর ডিম প্রজেক্ট তৈরি করেছি। বাচ্চাদের বিষয়ে নানাবিধ কাজ চলছে। তারই ধারাবাহিকতায় কুরআন-সুন্নাহ আলোকে ‘প্যারেন্টিং স্কিলস’ বা ‘প্যারেন্টিং দক্ষতা’ বিষয়ে আমাদের এবারের আয়োজন—‘প্যারেন্টিং স্কিলস’।

আল্লাহর দেওয়া এই আমানত-নিয়ামতের যথাযথ সংরক্ষণ পদ্ধতির  
মূলটিক রূপ—‘প্যারেন্টিং স্কিলস’।

বইটি মূলত ড. ইকবাল ও ড. মুহাম্মদ রিদা বাশির প্রণীত ইংরেজি  
‘প্যারেন্টিং স্কিলস’ বইয়ের অবগতিনে রচিত। মূল বইয়ের নামানুসারেই  
বইয়ের নামকরণ করা হয়েছে। রচনা করেছেন সানজিদা সিদ্দিকী কথা।  
আল্লাহ তাঁকে উত্তম বিনিময় দান করুন; এত সুন্দর একটি যুগেপযোগী বই  
আমাদের হাতে তুলে দেওয়ার জন্য।

বইটি সুন্দর ও উপকারী করতে আমরা চেষ্টায় কৃতি করিনি। তারপরও<sup>১</sup>  
কোনো তুল বা অনুন্দন পাঠকের দৃষ্টিগোচর হলে ক্ষমাসুন্দর মনোভাব নিয়ে  
ভাবিয়ে বাধিত করার অনুরোধ রইল। পরবর্তী সংস্করণে আমরা সংশোধন  
করে নেব, ইনশাঅল্লাহ।

আল্লাহ আমাদের সবাইকে উত্তম বিনিময় দান করুন।

—মুহাম্মদ আবদুল্লাহ খান  
৪ জেনুয়ারি, ২০২১



## ଲେଖକେର କଥା

ଭାଜୋବାନୀ ତରଳ ଜିନିସେର ମାତ୍ରୋ। ଏଇ ଗତି ନିଚେର ଦିକେ ପ୍ରବାହିତ ହୁଏ। ଏଇ ଏକଟି ବାକ୍ତବ ଉଦ୍‌ବହୁଣ ଆପନାର ଜୀବନେଇ ଦେଖେ ନିତେ ପାରେନ। ଆପନାର ବାବା-ମା ଆପନାର ଜନ୍ୟ ଜୀବନେ ସେ ତ୍ୟାଗ ଛୀରାର କରେହେଲେ, ତାର କିନ୍ତୁ ତୋ ଆପନାର ନେତ୍ରାନରା ଆପନାର ଜନ୍ୟ କରେନି।

ବୁଝଇର ମଧ୍ୟଥାମେ ହୃଦ ଦିଯେ ଭାଜୋ କରେ ହାତରୁ ଦେଖୁନ ତୋ, ଭାଜୋବାନୀ ନେତ୍ରାନେର ଜନ୍ୟ ବୈଶି ଅନୁଭୂତ ହୁଏ ନାହିଁ ବାବା-ମାମେର ଜନ୍ୟ? କେତେ କେତେ ଏହି ସ୍ମୃତି ବ୍ୟବହେଦକେ ଅନୁଭୂତ ବଗରେନ, କିନ୍ତୁ କରତେ ହେଲେ ଦେଖରେନ, ନେତ୍ରାନେର ଜନ୍ୟରେ ଅନେକ ବୈଶି ଅନୁଭୂତ ହେବ—ଆମର ବିଶ୍ୱାସ। ତ୍ୟାଗ-ପରିଶ୍ରାଙ୍ଗ-ଯତ୍ନ ଇଣ୍ଡ୍ୟାନି ଭାଜୋବାନାର ନମାନୁପାତିକ। ଆପନି ସାର ପ୍ରତି, ସେ ଜିନିସେର ପ୍ରତି ଏଷ୍ଟମୋ ବୈଶି କରବେନ ଆପନାର ଭାଜୋବାନୀ ତାର ପ୍ରତି, ସେ ଜିନିସେର ପ୍ରତି ତତ ବାଢ଼ରେ। ଆପନାର ଜନ୍ୟ କେତେ ଅନେକ କିନ୍ତୁ କରିଲେଇ ସେ ତାର ପ୍ରତି ଆପନାର ମନେର ଗଭୀରେ ଅନେକ ଭାଜୋବାନା ଜମେ ଯାବେ—ବ୍ୟାପାରଟା ସବ ମହି ଏମନ ସାଦା ନାହିଁ। ଦାନ-ଅନୁଧାନ-ଅବଦାନ-ଯତ୍ନେର ବିପରୀତେ ଦାତାର ପ୍ରତି ସେ ବୋଧେର ଜମ୍ବ ହୁଏ ତାର ମଧ୍ୟେ ଭାଜୋବାନାର ଚେଯେ କୃତଜ୍ଞତା ବୋଧେର ମାତ୍ରା ବୈଶି ଥାକେ। ବାବା-ମାରେ କେତେଓ ବ୍ୟାପାରଟି ଏଇ ବ୍ୟତିକ୍ରମ ନାହିଁ।

ଆମାର ସମ୍ବୁଦ୍ଧ, କିନ୍ତୁ ଆମାର ଚେଯେ ସମ୍ବାଦେ ଅନେକ ବଡ଼। ତାର ନେତ୍ରାନ ବଗତେ ଏକଟିମାତ୍ର ହେଲେ। ବାହୋଲଜିକ୍ସାଲ ଜଟିଲତାର କାରଣେ ଏହି ଦର୍ଶକତି ଆମ ନେତ୍ରାନ ନିତେ ପାରେନନି। ହେଲେଟି ଏବାର ଦେଶେର ପ୍ରଥ୍ୟାତ ଏକଟି ପ୍ରାଇଭେଟ ବିଶ୍ୱବିଦ୍ୟାଳୟ ହେବେକେ ବିଏସନି କମାଟିଟି କରିଲ କମ୍ପ୍ୟୁଟାର ସାରାଳେ ନିଯୋ। ଏଲେଇଲେନ ହେଲେକେ ନିଯେ, ଏକଟୁ ପାରିବାରିକ ଫାଉନ୍ଡେସନ୍-ଏଇ ଜନ୍ୟ ବାବା-ମାମେର ପ୍ରତି ହେଲେର ନାହିଁ କୋଣୋ ଅନୁଭୂତିଇ ନେଇ। ଆମି ତାର ଚେଯେ ଏତ ଭୁନିଯର ହେଉଥା ନନ୍ଦାଓ କେବଳ ତିନି ଆମାକେ ମେହେ ନିଯେହେନ ଏମନ ଶୁଭହୃଦୟ ବିଷୟରେ ପରାମର୍ଶେର ଜନ୍ୟ, ସେ ଏକ ଅଜାନା ଅଧ୍ୟାୟ। ହେଲେ ଆଶାଦାନ୍ତରେ ଆମାର ନାଥେ କଥା ବଗତେ ଚାଇଲେ। ବାବା-ମାକେ ଏକଟୁ ଦୂରେ ରୋଧେ

আমি তার কথাগুলো শুনলাম। হেসের বক্তব্যে পরিবারিক-সামাজিক অনেক নমন্তা বেরিয়ে এলো—যার ফিরিষ্টি এখানে আনতে গেলে অনেক দীর্ঘ হয়ে যাবে। ডয়াবহ যে বিষয়টা বেরিয়ে এলো সেটা হলো—তার মতিকের মধ্যে বিদ্যমান বন্ধবাদী মূল্যায়নের প্রবল হ্যাপ। বাবা-মা কেন একটা সন্তানকে সামনপাশেন করেন—তার কাছে এর সোজা-সাপটা উত্তর হলো, নিজ স্বার্থের জন্য।

বুড়ো হলো বাবা-মাকে দেখাশোনা করবে—একারণেই সন্তানদের যত্ন মেন তারা। স্বার্থের সুজ্ঞতার উর্ধ্বে মহৎ-মহান কেনেনা বিষয় জড়িত নয় এর সাথে। যেকেনো কারশেই হোক মেহ-মামতা-মায়া-ভাসোরাসা—ইত্যাদি ছাপিয়ে গীত-অ্যান্ড টেইক ব্যাপারটিই তার কাছে প্রবল হয়ে উঠেছে। যার কারণে তার জীবনে বাবা-মায়ের অবদানের প্রতি বিশেষ কেনেনা অনুভূতি-সহানুভূতি কার্যকর নয়। কেবল নির্মাই বন্ধবাদী বিশ্লেষণ, বাণিজ্যিক ব্যাপারস্থাপন কাত্ত।

আমি তাকে বোঝানোর জন্য সবচেয়ে চেটাই উজ্জাড় করে দিয়েছিম। জানি না সে কিছু বুঝেছে কি না। তবে শুনেছি অবস্থার কিছুটা উন্নতি হয়েছে—আশঙ্খামনুসীক্ষাই। মানুষের দেহ মাটি ও মাটি থেকে উৎপন্ন বন্ত থেকে গঠিত। বন্তের সাথে সুজ্ঞতার একটা গভীর সম্পর্ক আছে। মানুষের দৃষ্টি যতক্ষণ পর্যন্ত বন্তের সীমা পেরিয়ে বন্তের অঠার সাথে সংযুক্ত না হবে ততক্ষণ পর্যন্ত সে চৃড়াত অর্থে নহান কেনেনা চিঢ়া করতে পারবে না। তার চিঢ়ায় বন্তের সুজ্ঞতার প্রভাব থেকেই যাবে; অবস্থাভেদে তার মাত্রায় ভিন্নতা আসতে পারে, কখনো সূক্ষ্ম, কখনো জল হতে পারে। আশ্চাই সুবহনাই ওয়া তাচালা বাবা-মায়ের জন্য ‘অনুর্থের তানা বিহুয়ে দিতে’ বলেছেন। কুরআনের এ বর্ণনায় বিন্দু, বিন্দুতা ও দয়ার্থিতার যে দ্যোতনা রয়েছে তাকে বন্ত দিয়ে ব্যাখ্যা করা, বন্ত দিয়ে ধারণ করা, বন্ত দিয়ে এ দায়িত্ব পূরণ করা ও সন্তুষ্ণ নয়। এটা উপগঞ্জির জন্য প্রত্যেককে মনুষ্য-প্রাণী থেকে ‘মানুষ’ হয়ে ওঠা আবশ্যক। বিষ্ণ একটি সন্তান, যার সম্পর্ক কেবল বন্তের সাথে লে কি করে এ দ্যোতনা ধারণ করবে? করতে পারবে না—কখনো।

আমরা বাবা-মায়েরা সন্তানদের ভাসো খেনে, ভাসো জামা-কাপড়, উন্নত জীবনধারা আর দানি সুল কসেজে পড়িয়েই ভাবি—তারা বাবা-মায়ের কষ্ট বুঝবে, বাবা-মাকে ভাসো রাখবে। বিষ্ণ এটা বাস্তবতা নয়।

—সানজিদা সিদ্ধিকী কথা

## সূচিমত্ত

---

আধ্যাত্ম অনুসন্ধান	১৫
অনুসন্ধান	১৮
আমার শৈশব এবং বৈশেষ	১৯
মূল্যায়ন	২০
অভিভাবক হিসেবে	২০
শক্তিশালীকরণ	২২
পরিবর্তন	২২
লেগে থাকা	২২
পিতামাতার ইতিবাচক এবং নেতৃত্বাচক আচরণের উদাহরণ	২৩
ইতিবাচক এবং নেতৃত্বাচক মন্তব্য	২৩
মাতা-পিতাকে সেখে বাচ্চারা শিখে	২৪
বন্ধু এবং পরিচিত মহল	২৪
একটি ইতিবাচক জীবনধারা প্রদান	২৪
নির্দেশনা, শিক্ষা, কৌশল	২৫
আপনার সন্তানকে বুঝুন	২৭
মনোযোগ পাওয়া	২৮
তাঙ্গ পর্যবেক্ষণ	২৯
বাধায় প্রতিক্রিয়া	৩০
যে কারণগুলো বাচ্চাদের ব্যক্তিত্বকে প্রভাবিত করে	৩০
পারিবারিক পরিবেশ	৩০
পরিবারের মধ্যে সন্তানের অবস্থান	৩১
প্রশিক্ষণের পদ্ধতি	৩২
আল্লাহর সাথে শিশুর সম্পর্ক তৈরি	৩৩
করণা, দয়া এবং নজরা	৩৭
বাচ্চাদেরকে শ্রদ্ধা করতে শেখান	৪০
ইতিবাচক কাজে উৎসাহ দিন	৪২

ধাপে ধাপে কাজ করুন এবং	
সন্তানের স্তর বিবেচনা করুন	৮৮
বাচ্চার সাথে সম্পর্ক গড়ে তুলুন এবং তার সাথে সুস্পষ্টভাবে কথা বলুন	৮৬
বাচ্চাদের তাদের অনুভূতি প্রকাশ এবং	
আনন্দ-বেদনা ভাগাভাগি করার সুযোগ দিন	৮৮
সক্রিয় শ্রোতা	৫০
হাল ছেড়ে দেবেন না	৫১
প্রত্যেকেই যা উপার্জন করে তার জন্য দায়বদ্ধ	৫২
ভালো কাজ খারাপকে মুছে দেয়	৫৫
আদর্শ অনুসরণ করুন এবং সমঝস্য রাখুন	৫৭
উপযুক্ত বিকল্প খুঁজে বের করুন	৫৯
আশেপাশের পরিবেশ থেকে উদাহরণ নিন	৬০
পক্ষপাতিঙ্গ অনুমোদিত নয়	৬১
সংক্ষেপে বুক্সিমতার সাথে প্রচার করুন	৬৩
শিশুকে সশ্রম হতে এবং দম্পত্তা	
বিকাশে সহায়তা করুন	৬৫
সন্তানের সাথে পরামর্শ করুন	৬৮
স্বসময় প্রতিশ্রুতি রাখুন	৭০
তাদের আঘাতে স্পর্শ করুন এবং	
তাদের বিবেককে জাগ্রত করুন	৭২
তাদেরকে ভ্রমণে নিয়ে যান এবং	
আধ্যাত্মিকতাকে বাড়িয়ে তুলুন	৭৫
সরাসরি অভিযোগ করবেন না	৭৬
দুটি মন্দের মধ্যে তুলনামূলক কমাটিকে বেছে নিন	৭৮
সুযোগগুলো কাজে লাগান	৭৯
ফলাফলকে উজ্জ্বলভাবে চিত্রিত করুন	৮০
একটি সামগ্রিক পদ্ধতি ব্যবহার করুন	৮২
নিজের রাগকে নিয়ন্ত্রণ করুন	৮৪
সন্তানদেরকে ইসলামি শিক্ষায় শিক্ষিত করুন	৮৬
উপসংহার	৮৮







## ଆର୍ଧ୍ୟାତ୍ମ ଅନୁସନ୍ଧାନ

একটা ପ୍ରଶ୍ନ ଦିଯେ ଶୁରୁ କରତେ ଚାହିଁ ଅନ୍ୟ କାରାର ସାମନେ ଜୀବାବ ଦେଓଯା ଜରୁରି ନୟ ନିଜେକେ ଜୀବାବ ଦିଲେଇ ହବେ।

ଆପନାର ବର୍ତ୍ତମାନ ସନ୍ତାନ କିଂବା ଅନାଗତ ସନ୍ତାନ ଯଦି ଠିକ ଆପନାରି ମତୋ ଏକଜନ ମାନ୍ୟ ହୁଁ, ଆପନି ସନ୍ତୃଟି ହବେନ? ଧରନ, ଏହି ଯେ ଆପନି ଏକଟୁ ଆଗେଇ କାହାର କାଉକେ ମିଥ୍ୟା ବଲେ ଫେରେଛେନ ପରିଷ୍ଠିତି ସାମାଲ ଦେଓଯାର ଜନ୍ୟ କିଂବା ଅପ୍ରୋଜନେ, ଆପନାର ସନ୍ତାନ ଓ ବଢ଼ୋ ହରେ କୋନୋ ଏକ ଦୁଃଖରେ ଠିକ ଏମନ କାଜଟାଇ କରାଛେ ଆପନି ତା ମେନେ ନେବେନ?

ଅଥବା ବର୍ତ୍ତମାନ ବାଦ ଦିଇ, ଏକଟୁ ଅତୀତେ ଫିରି—ଆପନାର କୈଶୋରେ କିଂବା ଉତ୍ସତି ଯୌବନେ ଆପନି ଯେମନ ଛିଲେନ, ଆପନାର ସନ୍ତାନ ଓ ଯଦି ଆପନାର ମତୋଇ କରେ, ହୁଅ ଆପନାର ମତୋ ହୁଁ; ତାହେ ଡାଳୋ ଲାଗିବେ? ଠିକ ଆପନାର ଜୀବନେର ଅନ୍ଧକାର ଗଲି-ଘୁପଟିର ମତୋ ଆପନାର ସନ୍ତାନେର ଓ ଏମନ ଗଲି-ଘୁପଟି ତୈରି ହଜେ। ଚୋଥ ବନ୍ଧ କରେ ଏକଟୁ ଚିନ୍ତା କରନ୍ତି।

ଆମି ହଙ୍କର କରେ ବଲାତେ ପାରି ନବରିହାଗ ମାନୁଷେର ଅନ୍ତର କେଂପେ ଉଠିବେ। ଆପନି ବଲାତେ ପାରେନ ଅତୀତେ ଭୁଲ କରେ ଫେରେଇ କିଂବା ଏଖନୋ କରେ ଫେରାଇ। ତାହାସେ?

ଭୟ ପାଓଯାର କିଛୁ ନେଇ କାରଣ, ଇସଲାମ ଏମନ ଏକଟା ଧର୍ମ, ଯେଥାମେ ଆପନି ଚଙ୍ଗିଶ / ପଞ୍ଚଶ ବହର ବସନ୍ତେ ଓ ନତୁନ କରେ ଶୁରୁ କରତେ ପାରବେନ। ତବେ ହଁ, ବାବା-ମା କିଂବା ଶିଶୁସନ୍ତାନେର ବାବା-ମା ହଜେ ବଲବ ଆର ଦେଇ କରାର ନମର ନେଇ କାରଣ, ଆପନାର ସନ୍ତାନକେ ଛୋଟୋବେଳା ଥିକେ ଯୋଡ଼ାବେ ଗଡ଼େ ତୁଳବେନ, ଦେ ତେମନି ଏକଜନ ମାନ୍ୟ ହବେ। ବାକିଟା ଆଜ୍ଞାହର ଇଚ୍ଛା।

ଶୁରୁଟା କରତେ ହବେ ନିଜେକେ ଦିଯେ। ନିଜେର କୋନ ବିଷୟାଟି ଦିଯେ ଶୁରୁ କରବେନ ସେଠା ଆଲୋଚ୍ୟ ବିଷୟ।

ସତି ବଲାତେ କି ପ୍ରଥମେ ନିଜେକେ ଅନୁସନ୍ଧାନ କରତେ ହବେ।

ইসলামে নিজেকে অনুসন্ধান করার প্রধান উৎস হলো মুহাসাবা করা। মুহাসাবা শব্দের অর্থ—আস্তদমালোচনা করা। নিজের হিসাব নিজে নেওয়া। পরিভাষায় মুহাসাবার অর্থ হলো—মানুষ তার কৃতকর্ম ও কথাগুলোর প্রতি খেয়াল রাখবে। যখন দেখবে সে কোনো ভালো কথা বা কাজ করেছে তখন আল্লাহর শুকরিয়া আদায় করবে এবং সে কথা ও কাজের ওপর অটল থাকবে। আর যদি দেখে কোনো খারাপ কথা বা কাজ করে ফেলেছে তাহলে সে তা ছেড়ে দেবে ও তাওবা ইস্তেগফার করবে। এটি ইসলামের একটি অত্যন্ত শুরুত্বপূর্ণ ধারণা, যা নিয়মিতি আবাত থেকে এসেছে—

يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذْ قُوْلُوا إِنَّمَا تَعْمَلُونَ  
يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذْ قُوْلُوا إِنَّمَا تَعْمَلُونَ  
يَا أَيُّهَا الَّذِينَ آمَنُوا إِذْ قُوْلُوا إِنَّمَا تَعْمَلُونَ

হে মুমিনগণ! আল্লাহকে তয় করো, প্রত্যেকেই ভেবে দেখুক যে,  
আগমীকালের জন্য সে কী অগ্রিম পাঠিয়েছে। আর আল্লাহকে তয় করো;  
তোমরা যা করো আল্লাহ সে সম্পর্কে অবহিত। [সূরা হাশের, সাইত: ১৮]

আমাদের নবি মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জোর দিয়ে বলেছেন, আমাদেরকে সর্বদা আমাদের কর্ম ও কর্মের মূল্যায়ন করা উচিত। এমনকি যারা এটা করে না তাদেরকে তিনি গাফেল ও অসতর্ক হিসেবে শনাক্ত করেছেন।

তাই জনী ও সচেতন ব্যক্তিমাত্রই কাজ করার পূর্বে চিন্তা করে দেখবে কাজটি তার জন্য কট্টা ভালো ফলাফল নিয়ে আসবে। যখন দেখবে যে কাজটি ভালো ফল নিয়ে আসবে, তখন সে এটি করবে, আর যদি দেখে ফলাফল ভালো হবে না, তখন সে এটি করবে না।

সুতরাং নিজেদের ক্রিয়াকলাপগুলো নিয়মিত মূল্যায়ন ও পর্যালোচনা করা বুদ্ধিমানের অনুশীলন। ক্রিয়াকলাপগুলো মূল থেকে খতিয়ে দেখা এবং ক্রটিগুলো আবিক্ষা হওয়ার সাথে সাথে পরিবর্তন করা হলে মানুষ তাকওয়ার পুর্ণে পুর্ণাধিত হয়। বিশিষ্ট আলেমগণ সুপারিশ করেছেন, তাকওয়া হাসিল ও আল্লাহর নৈকট্য অর্জনের মাত্রা উল্লত করার জন্য মুহাসাবা প্রক্রিয়া প্রয়োগ করা উচিত। সর্বোক্তম সম্ভাব্য ফলাফল অর্জনের জন্য এই প্রক্রিয়াটি নিয়মিত করা উচিত। বাবা-মাদেরা প্রথমে নিজেরা নিজেদেরকে মূল্যায়ন করবে, এরপর দ্বিতীয় হিসেবে তাদের ক্রিয়াকলাপের বিচার-বিশ্লেষণ করবে। তাদের নিজেদেরকে জিজ্ঞেস করার জন্য একটি প্রশ্ন সমূক্ত তালিকা থাকা উচিত।

নিজেদের সুবিধা অনুযায়ী দিনের শেষে অথবা সপ্তাহের শেষে তারা এই তালিকা অনুযায়ী নিজেদেরকে মূল্যায়ন করবে। প্রশ্নের এই তালিকায় তাদের প্রতিদিনের ক্রিয়াকলাপগুলির পাশাপাশি বাচ্চাদের বৈশিষ্ট্য এবং আচরণ যেমন—ইবাদত, অন্তর

সাথে আচরণ ইত্যাদি থাকবে। এর মাধ্যমে বাবা-মা সন্তানের দিনগুলো কঠটা ভালো যাচ্ছে তা মূল্যায়ন করতে পারবে এবং তাদের উষ্টরির জন্য আর কী করা উচিত তা আবিক্ষা করতে সক্ষম হবে।

যদিও সবাই নিজেদের প্রায়েরিটি অনুযায়ী তালিকাগুলো তৈরি করে নিতে পারেন। তবু উদাহরণ হিসেবে কিছু পয়েন্ট উল্লেখ করছি—

- আমি কি প্রতিদিন আমার সালাত সময়মতো আদায় করি?
- আমি কি আল্লাহর সঞ্চারির জন্য দান ও সাদকা করেছি?
- আমি কথা বলার আগে যা বলতে চাই সে সম্পর্কে ভেবেছি?
- আমি কি আমার কাছের মানুষদের অনুভূতিতে আঘাত করেছি?
- আমি কি আমার বাচ্চা এবং পরিবারের সদস্যদের জন্য আমার ভালোবাসা এবং কৃতজ্ঞতা প্রকাশ করেছি?
- আমার বাচ্চাদের দেখাশোনা করার জন্য আমার স্ত্রীকে কি ধন্যবাদ দিয়েছি? অথবা বাচ্চাদের অভিভাবক হওয়ার শুরুদায়িত্ব পালন করবার জন্য আমার স্বামীর প্রতি কৃতজ্ঞতা দেখাচ্ছি?
- আমি কি আমার পরিবারের সদস্যদের ব্যাপারে সুন্দর কথা বলেছি?
- আমি কি আমার বাচ্চাদের সাথে সদয় আচরণ করেছি?

ওপরের প্রতিটি পয়েন্ট এতটাই শুরুত্বপূর্ণ যে, প্রত্যেক মুসলিমের উচিত তাদের দৈনন্দিন বা সামাজিক আহমদুল্যায়ন তালিকায় এই ব্যাপারগুলো রাখা হোক তা কেনো নিঃসন্দান সম্পত্তি কিংবা অবিবাহিত ক্ষেত্র। উত্তরগুলো ইতিবাচক হলে আমাদের আল্লাহর প্রতি কৃতজ্ঞ হতে হবে। যদি আমরা বুঝতে পারি যে, আমাদের কাজে কিছুটা দ্রুটি রয়েছে, তাহলে তুলগুলো সংশোধন করতে হবে এবং ভবিষ্যতে আরও ভালোভাবে নিজেদের কাজ করার জন্য দৃঢ় প্রতিশ্রূতিবদ্ধ হতে হবে।

আত্ম-অনুসন্ধান প্রক্রিয়াটির মাধ্যমে পিতামাতা তাদের কার্যক্রমের অনেকখানি দক্ষতার উরয়ন ঘটাতে সক্ষম হতে পারেন। এই প্রক্রিয়ার মাধ্যমে পিতামাতা তাদের বাচ্চাদের মধ্যে কিছু দুর্বিন্দি গড়তে সহায়তা করার পাশাপাশি তাদের উষ্টর মানসিকতাসম্পর্ক মানুষ এবং আত্মবিশ্বাসী মুসলিম হতে সাহায্য করতে পারবে। বাচ্চারা যদি এভাবে বেড়ে ওঠে তাহলে চারপাশের প্রলোভন থেকে নিজেদেরকে আগলে রাখার দুর্গত ক্ষমতা নিজের ভেতরে ধারণ করা শিখে যাবে এবং তার জন্য কেনো বেগও পেতে হবে না।

ଆୟ-ଅନୁସନ୍ଧାନ ପ୍ରକ୍ରିଯାଟିର ମଧ୍ୟରେ ପିତାମାତା ଏହି ଶୁଣ୍ଡଲୋ ତାଦେର ମଧ୍ୟେ ଧାରণ କରାର ବ୍ୟାପାରଟି ନିଶ୍ଚିତ କରତେ ପାରବେ। ପିତାମାତାର ଯଦି ଇତିବାଚକ ଶୁଣାବଳି ନା ଥାକେ ତାରେ ତାରା ବାଚାଦେର ମଧ୍ୟେ ଏଣ୍ଡଲୋ ଜ୍ଞାପନ କରତେ ସନ୍ଧର ହେବେ ନା। ଏହି ଜାତିଯ ଶୁଣାବଳିକେ କେବଳ କଠୋର ପରିଶ୍ରମେର ମଧ୍ୟରେଇ ଅର୍ଜନ କରା ଯେତେ ପାରେ, ଯା ଏକଟି ସ୍ଵ ଓ ଆନ୍ତରିକ ଆୟ-ଅନୁସନ୍ଧାନେର ମାଧ୍ୟମେ ଶୁରୁ ହୁଏ ହୈବା ଏବଂ ବ୍ୟାପାରେ ଆପନି ନିଶ୍ଚିନ୍ତା ହେବେ ନିନ ଯେ, ବାବା-ମା ଯା ବଣେ, ଯା କରେନ, ଯା ସମୟରେ କରେନ, ଉତ୍ସୁକ କରେନ—ସନ୍ଧାନେର ଓପର ତାର ବିରାଟି ପ୍ରଭାବ ପଡ଼େ। ଏହି ବାଚାଦେର ମଧ୍ୟେ ଏକଟି ଦୀର୍ଘ ଭାବନାମ୍ୟପୂର୍ଣ୍ଣ ବ୍ୟକ୍ତିଜ୍ଞାନ ତୈରି କରେ, ଯା ପରବର୍ତ୍ତୀ ସମୟେ ଜୀବନ ସମ୍ପର୍କେ ଇତିବାଚକ ଦୃଷ୍ଟିଭଙ୍ଗ ତୈରି କରତେ ଏବଂ ଆୟବିଶ୍ୱାସୀ ହତେ ଗଭୀରଭାବେ ମହାରତା କରେ। ଏ ଜାତିଯ ବୈଶିଷ୍ଟ୍ୟଶୁଣିଲିର ମାଧ୍ୟେ ଶିଶ୍ରୂଷା ଯା ଭାଲୋ ତା ଥିଲା କାହାର କରେ ଏବଂ ମନକେ ତ୍ୟାଗ କରତେ ସନ୍ଧର ହୁଏ। ଯାର ଫଳେ ତାରା ଯେ ସମାଜେ ବାଦ କରେ ତାର ଓପର ଏବଂ ଏକଟି ପ୍ରଭାବ ପଡ଼େ। ତାରା ତାଦେର ନିଜେଦେର ଭବିଷ୍ୟତ ପ୍ରତିଶ୍ରୀଳେ ମନ୍ଦଳ କାମନାର ଜନ୍ୟ ସଥାଯ୍ୟ ନୈତିକ ମୂଳ୍ୟବୋଧ ପ୍ରଯୋଗ କରେ ଏହିକେ ସାଟିକ ଦିକେ ଚାଲିତ କରତେ ପାରେ।

ବାବା-ମାଯେରା ନିଚେର ଛୁଟା ଧାପ ଅନୁସରଣ କରେ ନିଜେଦେର ଆୟ-ଅନୁସନ୍ଧାନ ପ୍ରକ୍ରିଯାଟି ବାନ୍ଧବାରନ କରତେ ପାରେନ—

- ଅନୁସନ୍ଧାନ
- ମୂଳ୍ୟବୋଧ
- ଦୀର୍ଘତି
- ଶକ୍ତିଶାଳୀକରଣ
- ପରିବର୍ତ୍ତନ
- ଲେଗେ ଥାକା

## ଅନୁସନ୍ଧାନ

ପ୍ରଥମେଇ ଚିନ୍ତା କରନ, ଆମରା ଆମାଦେର ବାଚାଦେର ସଙ୍ଗେ କେମନ ବ୍ୟବହାର କରି। ତାଦେର ପ୍ରତି ଆମାଦେର ଆଚରଣ କେମନ ହୁଏ, ତାଦେର ଯେକୋନୋ କଥାବାତୀର୍ଯ୍ୟ ଆମାଦେର ବ୍ୟବହାର କ୍ରିଯାକଳାପ କେମନ ହୁଏ—ତାର ପର୍ଯ୍ୟାଳୋଚନା କରନ। ଶୈଶବକାଳେର ଦିକେ ଫିରେ ଚିନ୍ତା କରେ ଦେଖୁନ, ଏହନ କୋନୋ ଲୁକାନ୍ତୋ କାରଣ ଉତ୍ସୋଧନ କରତେ ପାରେନ କିନ୍ତୁ, ଯା ଆମାଦେର ପିତାମାତାର ଆଚରଣେ ଉଠିଲ ହତେ ପାରେ। ତାହଲେ ଆପନି ଏକଟି ଚମତ୍କାର ବିଷୟ ଅନୁଧାବନ କରତେ ପାରବେନ। ଆପନି ଖେଳାଳ କରେ ଦେଖୁନ, ଆପନାର ବାବା-ମା ଆପନାର ସଙ୍ଗେ ଯେମନ ଆଚରଣ କରେଇଲ, ଆପନି ଓ ଆପନାର ସନ୍ଧାନେର ସଙ୍ଗେ ତେମନଟାହି କରଛେନ। ନିଯାତିଥିତ ପ୍ରଶ୍ନଶୁଣିଲୋର ଉତ୍ସର ଦେଓଯାର ଚେଷ୍ଟା କରନ। ଏହି ଆପନାର ନିଜେକେ ଅନୁସନ୍ଧାନ କରତେ ମହାରତା କରବେ।

## আমার শৈশব এবং কৈশোর

১. ক) আমি অনুভব করেছি যে, আমার বাবা-মা আমাকে ভালোবাসতেন। কারণ তারা আমাকে মুখে বলতেন আবার জড়িয়ে ধরে চুমুও খেতেন। আব এসবকিছু তো ভালোবাসারই বহিঃপ্রকাশ।

খ) আমার বাবা-মা বলেনি যে, তারা আমাকে ভালোবাসে এবং তারা আমাকে জড়িয়ে ধরেনি এবং চুমু দেয়নি, তবে আমি কখনো কখনো পরোক্ষভাবে তাদের ভালোবাসা অনুভব করতে পারি।

গ) আমার বাবা-মা আমাকে ভালোবাসে এটা আমি কখনো অনুভব করিনি এবং সম্মে� হয়েছে তারা আমাকে আদৌ ভালোবাসে কি না।

২. ক) আমি অনুভব করেছি যে, আমার বাবা-মা আমার প্রতি আগ্রহী এবং তারা তাদের ব্যক্তিগত মাঝেও আমার ছোটোখাটো ব্যক্তিগত বিষয় গুরুত্বের সাথে নিয়েছিল।

খ) আমি খেয়াল করেছি যে, আমার বাবা-মা আমার ব্যক্তিগত বিষয়গুলোকে খুব একটা মনোযোগ দেয় না। আমি প্রায়শই অনুভব করতাম যে, আমার বাবা-মা আমার সাথে এমন কোনো আচরণ করেননি, যেন আমি আমার বাকি ভাই-বোনদের থেকে আলাদা ব্যক্তিহুর অধিকারী।

গ) আমি আমার বাবা-মায়ের কাছ থেকে কোনো মনোযোগ পাইনি।

৩. ক) আমি আমার বাবা-মার কাছ থেকে উৎসাহ এবং সমর্থন পেয়েছি এবং তারা যখনই সুযোগ পেয়েছেন তখনই আমাকে সহায়তা করেছেন

খ) আমি আমার বাবা-মার কাছ থেকে উৎসাহ এবং সমর্থন পাইনি এবং তারা সুযোগ থাকা নন্ত্বেও আমাকে সহায়তা করেননি।

৪. ক) আমি আমার বাবা-মার অনুমোদন অনুভব করেছি এবং ফলাফল যাই হোক না কেন তারা আমার প্রচেষ্টা গুরুত্বের সাথে নিয়েছিল।

খ) আমি আমার বাবা-মায়ের অনুমোদন পাইনি, যতক্ষণ পর্যন্ত না আমি তাদের প্রত্যশা পূরণ করতে পেরেছিলাম।

গ) আমি যাই করি না কেন কখনো বাবা-মায়ের অনুমোদন পাইনি।

৫. ক) আমার বাবা-মা আমার সাথে কঠোর ছিলেন এবং আশা করেছিলেন আমি দায়িত্ব নেব।

খ) আমার বাবা-মা সবসময় আমার সাথে কঠোর ছিলেন না এবং সবসময় আমার দায়িত্ব নেওয়ার আশা করেননি।

গ) আমার বাবা-মা কখনো আমার সাথে কঠোর ছিলেন না এবং আমার কিছু করার আশা তো দূরের ব্যাপার।

৬. ক. আমার বাবা-মা প্রায়ই আমাকে আমার ভাই-বোনদের সাথে অথবা অন্যান্য বাচ্চাদের সাথে তুলনা করতেন, যা আমাকে খুব কষ্ট দিত।

খ) আমি যেমনই ছিলাম, আমার বাবা-মা আমার প্রশংসন করত।

৭. এমন কোনো ব্যক্তির নাম লিখুন, যিনি আপনার শৈশবে অথবা এখন আপনার ওপর ইতিবাচক প্রভাব ফেলছেন।

৮. সেই মানুষটা কি আপনার বাবা-মার মধ্যে কেউ?

৯. এমন কোনো ব্যক্তির নাম লিখুন, যিনি আপনার শৈশবে অথবা এখন আপনার ওপর নেতৃত্বাচক প্রভাব ফেলছেন।

১০. সেই মানুষটা কি আপনার বাবা-মার মধ্যে কেউ?

## মূল্যায়ন

বাচ্চাদের সাথে আমরা যেকোন আচরণ করি, যে ভাষায় কথা বলি, যে শব্দ উচ্চারণ করি সেগুলো মূল্যায়ন করা উচিত। এর মধ্যে কোন ক্রিয়াকলাপ ইতিবাচক, যাতে ইসলামি মূল্যবোধ ও শিক্ষাকে সঠিকভাবে ফুটিয়ে তোলে এবং এর মধ্যে কোন ক্রিয়াটি নেতৃত্বাচক যাতে ইসলামি শিক্ষার কোনো ভিত্তি নেই—এ বিষয় মূল্যায়ন করতে হবে।

নেতৃত্বাচক পদক্ষেপের উদাহরণ হলো, যখন আমরা খুব বেগে থাকি, তখন আমরা সন্তানদের সঙ্গে সেরূপ ব্যবহার করি। যে আচরণের মাধ্যমে আমাদের রাগ প্রকাশিত হয় তা নেতৃত্বাচক আচরণের মধ্যে পড়ে। সন্তানদের সঙ্গে আমরা চিংকার করে, ইরাদার করে নিজেদের রাগ প্রকাশ করি। অর্থাৎ সন্তানদের কাছে আমাদের রাগ প্রকাশ করে নিজেদের সমস্যা সমাধানের চেষ্টা করি। আমরা যদি শুধু আমাদের ক্ষেত্রে নিবারণের জন্য অথবা রাগ বাড়ার জন্য সন্তানদের সঙ্গে চিংকার করি, লড়ই করি তবে পিতামাতা হিসেবে এটি আমাদের নেতৃত্বাচক আচরণের মধ্যেই পড়ে। মুহাম্মদ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাদেরকে যেভাবে ক্রোধ নিয়ন্ত্রণ করতে শিখিয়েছেন, সেভাবে যদি নিজেদের ক্রোধ নিয়ন্ত্রণ করতে পারি, আমাদের সন্তানদেরকেও শেখাতে পারি এবং শাস্তিভাবে সমস্যাটি নিয়ে আসেচনা করি, তবে পিতামাতা হিসেবে এটি আমাদের ইতিবাচক আচরণ ফুটিয়ে তুলবো। নিয়ন্ত্রিত করেকৃতি প্রশ্ন ও উভয় মূল্যায়ন প্রক্রিয়াতে সহায়তা করতে পারে—

## অভিভাবক হিসেবে

১) আমার মনে হয় যে আমার প্রথম সন্তানের সময় আমি নিতান্তই অনভিজ্ঞ একজন মানুষ ছিলাম। এজনই বোধ হয় আমি তার সাথে খুব কঠোর অথবা অত্যধিক কোমল হয়েছিলাম। যার কোনোটাই খুব একটা ইতিবাচক না।

২) আমি যখন আমার বাচ্চাদের সঙ্গে থাকি তখন নিজের দায়িত্ব পরিপূর্ণভাবে পালন করতে চাই। কিন্তু আমি প্রায়ই নিজেকে ব্যর্থ মনে করি এবং নিখুঁতভাবে দায়িত্ব পালন করতে পারি না।

৩) আমি মনে করি, আমার বাচ্চাদের সাথে খেলাখুলা করা অথবা পার্কে নিয়ে যাওয়ার চেয়ে বাড়ির কাজ করা, ঘর পরিষ্কার করা, খাবার প্রস্তুত করা বেশি গুরুত্বপূর্ণ।

৪) আমি আমার বাচ্চাদেরকে কখনই এমন কোনো কাজ করাই না, যেগুলো তাদের পক্ষে কঠিন মনে হতে পারে। কারণ আমি মনে করি, যখন আমি তাদের বয়সী ছিলাম, তখন এই কাজগুলো আমার কাছে কঠিন মনে হতো এবং আমি এগুলো করতে পারতাম না।

৫) আমি মনে করি, আমার বাবা-মা আমাকে যেভাবে লালনপালন করতেন, আমিও আমার বাচ্চাদেরকে সেভাবেই লালনপালন করব। আমি এর থেকে ভালোভাবে তাদেরকে সেখাশোনা করার উপায় জানি না।

৬) আমি আমার বাচ্চাদের সাথে এমন আচরণ করি, যার ফলে তাদের মনে হতে পারে তাদের প্রতিভাব ওপর আমার কোনো আস্থা নেই।

৭) আমি মাঝে মাঝে আমার বাচ্চাদেরকে শিক্ষাস্ত নিতে উৎসাহ দিই। এমনসব শিক্ষাস্ত—যেটা তাদের বয়সের সঙ্গে সামঞ্জস্য রাখে।

৮) কেনো নতুন পরিবেশে গেলে সেখানের পরিবেশের সাথে খাপ খাইয়ে নেওয়া, মানসিক চাপ বহন করা এবং সেইসঙ্গে নতুন দার্শনিকতাগুলো আমার এবং আমার স্ত্রী/স্ত্রীর কাছে বোঝা মনে হয়। আমরা আমাদের বাচ্চাদের চাহিদা পূরণের জন্য যথেষ্ট সময় পাই না।

**ঝীকৃতি :** ওপরের প্রশ্নগুলোর যথাযথ উত্তর খুঁজে বের করুন। সেগুলোকে ইতিবাচক এবং নেতৃত্বাচক আচরণ হিসেবে শ্রেণিবদ্ধ করার পর নিজেদের অবস্থান নির্গর্হ করুন। যদি ইতিবাচক হয় তাহলে বুঝে নেবেন, আপনারা ইসলামিক শিক্ষার আলোকে উপযুক্তভাবে নিজেদের দায়িত্ব পালন করছেন। এবং এর মাধ্যমে আপনার সন্তানদেরকেও আস্থাবিশ্বাসী মুসলিম হতে সাহায্য করছেন। আর যদি নেতৃত্বাচক আচরণ ঝুটে ওঠে তার মানে হলো উন্নৱাদিকারদ্বৃত্তে এটি আপনার দখলে এসেছে। ইসলামিক শিক্ষার ছেঁয়া সেখানে নেই। এটি আমাদের বাচ্চাদেরকে আদর্শ মুসলিম হিসেবে গড়ে তুলতে বাধা দেয়। পিতামাতা হিসেবে আমাদের আচরণের শক্তিশালী এবং দুর্বল বিষয়গুলো দ্বীকার করা আমাদের উন্নতির প্রথম পদক্ষেপ। এরপর আল্লাহর প্রতি আমাদের আস্থা রাখতে হবে এবং ইতিবাচক পরিবর্তনের প্রতি প্রতিশ্রুতিবদ্ধ হতে হবে।

মূল্যবোধহীন অভ্যাসগুলো পরিবর্তন করার মাধ্যমেই আমরা সফল্যের স্বারপ্তান্তে উপনীত হতে পারি।

## শক্তিশালীকরণ

পিতামাতা হিসেবে আপনার ইতিবাচক আচরণগুলোকে আরও বেশি শক্তিশালী করুন এবং বাচ্চাদের সাথে এর অনুশীলন চালিয়ে দান। যদি এটি তাদের ওপর ইতিবাচক প্রভাব ফেলে তবে কাজটি অবশ্যই চালিয়ে যেতে হবে।

## পরিবর্তন

নেতৃত্বাচক যে আচরণগুলো খুঁজে পেরেছেন, সেগুলো ইতিবাচক আচরণগুলোর মাধ্যমে পরিবর্তন করুন। এজন্য কঠোর পরিশ্রম আবশ্যিক। কারণ পরিবর্তন সহজে আসে না। অভ্যাস পরিবর্তন করতে কঠোর পরিশ্রমের দরকার হয়। তাই বৈর্য ধরে চেষ্টা চালিয়ে যেতে হবে। খাবাপ অভ্যাসকে ভালো অভ্যাস দিয়ে পরিবর্তন করতে হবে। আমাদের বাচ্চাদের বিকাশে এই নেতৃত্বাচক অভ্যাসগুলো পরিবর্তনের চেষ্টা করার শুরুত্ব অনেক। যখনই পিতামাতা হিসেবে আমাদের আচরণে কোনো নেতৃত্বাচক বিষয় ঝুঁটে ওঠে, তখন নবি সালালাহু আলাইহি ওয়াসালামের দেওয়া পরামর্শ অনুসরণ করতে হবে। সর্বদা সালাতুল হাজাত পড়তে হবে। ভালো নেককার পিতামাতা হওয়ার জন্য নিবিড় ও একনিষ্ঠভাবে দুআ করতে হবে। এই দুআ এবং নামাজ শুধু একবার নয়, নিয়মিত করে যেতে হবে। বিশেষত দুআ করুন্তের সময়গুলোতে। দুআ করুন্তের কিছু সময় : সেজদায়, ফরজ নামাজের পর, শেষ রাত, জুমার দিন সূর্যাস্তের পূর্বে, শরে কদর, বমজান মাস, কুরআন তেস্লাওয়াতের পর, আজানের পর, যুদ্ধের সময়, বৃষ্টির সময় ইত্যাদি।

## লেগে থাকা

পৃথিবীর সব কাজের সফলতা নির্ভর করে লেগে থাকার ওপর। আমাদের উচিত সরসময় আল্লাহর ওপর ভরসা করা এবং ভালো কাজের চেষ্টায় লেগে থাকা। বাবা-মা হিসেবে আমরা নতুন পদ্ধতিগুলো শিখব এবং পুরোনো পদ্ধতিগুলোকে নতুন পদ্ধতির মাধ্যমে উন্নত করব। এভাবে পিতামাতা হিসেবে আমাদের দায়িত্বগুলোকে অনুশীলন করতে থাকলে ইতিবাচক ফলাফল পাওয়া যাবে। আমরা যতটা সময়ে ফলাফল পাওয়ার কথা ভেবেছি তার থেকে বেশি সময় লেগে গেলেও হাল ছেড়ে দেওয়া যাবে না। যদি আমরা কঠোর পরিশ্রম করি এবং ভালো বাবা-মা হওয়ার জন্য আন্তরিক প্রচেষ্টা চালিয়ে যাই, তবে এর পুরস্কার সীমাহীন।

পরিশেষে ভালো পিতামাতা হওয়ার জন্য আমাদের আচরণের পরিবর্তন একটি দীর্ঘমেঝাদি প্রক্রিয়া। এর জন্য আমাদের ধৈর্য, সহনশীলতা, অধ্যবসায় এবং আন্তরিকতার বিশেষ প্রয়োজন। এটি এমন বিষয়—যা অর্জন করতে সময় লাগে। মাঝে মাঝে ভাঙ্গন আসতে পারে, ব্যর্থতা আসতে পারে; কিন্তু হাল ছাড়া যাবে না। নিজের লক্ষ্য নির্ধারণ করুন এবং ধীরে ধীরে তা অর্জনের জন্য যথাসাধ্য চেষ্টা করুন। আল্লাহর ওপর আস্তা রাখুন এবং প্রার্থনা করে যান। ফলাফল অবশ্যই ইতিবাচক হবে, ইনশাঅল্লাহ।

## পিতামাতার ইতিবাচক এবং নেতৃত্বাচক আচরণের উদাহরণ

বাচ্চাদের লালন-পালন করার সময়, তাদের মানুষ করার সময় বিভিন্ন পর্যায়ে ইতিবাচক এবং নেতৃত্বাচক আচরণগুলো ফুটে উঠে। আপনার ছেটো ছেটো মন্তব্য, অন্যদের সাথে বাচ্চাদের ব্যবহার এবং আপনার প্রতিক্রিয়া ইত্যাদি বিষয়গুলো পর্যালোচনা করলেই আমরা আচরণগুলো মূল্যায়ন করতে পারব।

## ইতিবাচক এবং নেতৃত্বাচক মন্তব্য

যদি আপনার ছেলে আপনাকে রাতের খাবার টেবিল গোছাতে সাহায্য করে তখন আপনি তাকে বললেন, ‘তুমি যখন আমাকে সাহায্য করো, তখন আমার খুব ভালো লাগে।’ এটা ইতিবাচক আচরণ।

- মনে করুন, আপনার মেয়ে একটা সুন্দর জামা পরল তখন আপনি তাকে বললেন, ‘জামাটা তোমাকে অনেক সুন্দর মানিয়েছে।’ এটা ইতিবাচক আচরণ।

**দ্রষ্টব্য:** পিতামাতাদের ইতিবাচক মন্তব্য করা উচিত। বাচ্চাদের নিপিট ধরনের আচরণ বা ক্রিয়া-কলাপের প্রতিক্রিয়া হিসেবে পিতামাতার এ জাতীয় ইতিবাচক মন্তব্য করা উচিত। তবে বাচ্চা যদি এ জাতীয় কাজ না করে তাহলে অবিরত সন্তানের প্রশংসন করা উচিত নয়। বাচ্চার ইতিবাচক কাজগুলোর জন্যই শুধু ইতিবাচক কথা বলতে হবে।

- অন্যদিকে, ধরুন, আপনার ছেলেটি আপনাকে খাবার টেবিল গোছাতে সাহায্য করছে। হঠাৎ করে সে একটি প্লাস ভেঙে ফেলল। আপনি তার প্রতি ঝুঁক হয়ে গোলেন। বললেন, ‘একটি কাজও কিমতো করতে পারো না। তুমি একটা আনাড়ি।’ পিতামাতা হিসেবে এটি আপনার একটি নেতৃত্বাচক আচরণ।
- আপনি আপনার বাচ্চার ব্যাপারে কাউকে এভাবে বলছেন, ‘সে সবসময় দুরুমি করে, আমার ঝামেলা বাড়ায়, বাজের বদ।’ অথবা বিরূপ কেনেনো

মন্তব্য করেন—‘সে কঙ্কালের মতো চিকল, বানরের মতো বজ্জাত’, ইত্যাদি  
ব্যাপারগুলোও আপনার নেতৃত্বাচক আচরণ।

## মাতা-পিতাকে দেখে বাচ্চারা শিখে

ইসলাম আমাদেরকে ছোটো-বড়ো সরকল সম্পর্কের প্রতি সম্মান করতে শেখায়, সম্মান  
দেখানোর তাগিদ দেয়; এটি মুসলিম ব্যক্তিহোর একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ সিক। কিন্তু  
দিনে দিনে আমাদের বাচ্চারা এমন এক পরিবেশে বেড়ে উঠছে, যেখানে ভদ্রতা, সম্মান  
দেখানো তাদের কাছে অহেতুক কাজ হয়ে দাঢ়িয়েছে। মুরবিদের দেখলে সালাম  
দেওয়া, তাদের জন্য জায়গা করে দেওয়া, তারা আশেপাশে থাকলে নিচু স্বরে কথা বলা  
ইত্যাদি ব্যাপারগুলো তাদেরকে শেখানো হয় না। এর বড়ো কারণ হলো, আমরা  
পিতামাতারা এ ব্যাপারগুলো মেনে চলি না। পিতামাতাদের এই আচরণটি সংশোধন  
করতে হবে। আমাদেরকে দেখেই আমাদের বাচ্চারা শিখবে। আমরা যদি আমাদের  
বাসার কাজের সোকদের সাথে খারাপ ব্যবহার করি, রিকশা ওয়ালাদের সাথে খারাপ  
ভাষায় কথা বলি, বাসায় ফুকির এলে খারাপ মন্তব্য করে তাড়িয়ে দিই; তাহলে এগুলো  
আমাদের বাচ্চারা শিখবে। পরবর্তী সময়ে তারা তাদের জীবনে অন্যদের টিক এভাবেই  
অসম্মান করে যাবে। তাই পিতামাতাকে এসব নেতৃত্বাচক আচরণগুলোকে ইতিবাচক  
আচরণের দ্বারা পরিমার্জিত করতে হবে।

## বন্ধু এবং পরিচিতি মহল

বাচ্চাদের ছোটো জগতে আনন্দ ভাগাভাগি করতে বন্ধুবান্ধব অবশ্যই প্রয়োজন।  
অভিভাবকদের এ ব্যাপারটি বুঝতে হবে। তবে তাদের খেয়াল রাখতে হবে, সন্তানরা  
কাদের সাথে মিশছে। সুন্দর স্বভাব চাবিহোর অধিকারী হওয়ার জন্য বন্ধু বাহাইয়ের  
প্রয়োজনীয়তা যদি বাবা-মা বুঝতে পারেন এবং সে অনুযায়ী সঠিক মানদণ্ড দাঁড় করাতে  
সন্তানদেরকে সাহায্য করেন, তাহলে এটি তাদের ইতিবাচক আচরণ। কিন্তু বাবা-মা যদি  
এ ব্যাপারে উদাস থাকেন অর্থাৎ তাদের সন্তানরা কার সাথে মিশছে, কী শিখছে এ  
ব্যাপারে সতর্কতা অবলম্বন না করেন, তাহলে এটি তাদের নেতৃত্বাচক আচরণ।

## একটি ইতিবাচক জীবনধারা প্রদান

আমাদের বাচ্চাদের জন্য ইতিবাচক জীবনধারা সরবরাহ করা খুব গুরুত্বপূর্ণ। একেবারে  
ছোটো বয়স থেকেই ইসলামিক জীবনধারার আলোকে তাদের জীবনের প্রতিটি অধ্যায়  
গড়ে তুলতে হবে। পিতামাতার ভূমিকাই এখানে প্রধান। ইসলামিক দৃষ্টিকোণ থেকে যে  
বিষয়গুলো গ্রহণযোগ্য নয়, সেগুলো বাদ দিয়ে দিতে হবে। যদি বাবা-মা এই ক্ষেত্রে

সচেষ্ট হন এবং নিজেদের দায়িত্ব পালন করেন, তাহলে এটিই তাদের ইতিবাচক আচরণ। কিন্তু যদি সন্তানদেরকে ব্যাধিনচেতাভাবে বেভে ঘোর মুহূর্গ দেন; যেখানে ইসলামিক নীতি, আদর্শ, মূল্যবোধ নেই এবং সন্তানদের বাজে আচরণকে খুবই ছেটো বিষয় মনে করে তাহলে এটি ভয়কর পরিণতিই টেনে আনবে।

## নির্দেশনা, শিক্ষা, কৌশল

এটি সন্তানের নেতৃত্বাচক আচরণ সংশোধন এবং পরিবর্তনের একটি প্রস্তাবিত ইসলামিক পদক্ষেপ নিয়ে গঠিত :

**১. নির্দেশনা :** সন্তান যখন কোনো ভুল করে ফেলবে অথবা কারও সাথে কোনো অসম্মানজনক আচরণ করে ফেলবে তখন তাদেরকে এ ব্যাপারটি ধরিয়ে দিতে হবে। খুব শান্ত কিন্তু দৃঢ়ভাবে তাদেরকে ব্যাপারটা বুবিয়ে বলতে হবে—তারা যে কাজটা করেছে সেটা অন্যয়। সাথে সাথে এর প্রভাব কেমন হতে পারে, এগুলোও ভালোমতো বুবিয়ে দিতে হবে। পিতামাতা হিসেবে এটি ইতিবাচক আচরণ। কখনেই সন্তানকে এসব ব্যাপারে প্রশ্ন দেওয়া উচিত নয়। তাদের সংশোধনের ব্যাপারটি যদি পিতামাতা এড়িয়ে যায়, তাহলে এটি তাদের নেতৃত্বাচক আচরণ। সংশোধন করতে গিয়ে পিতামাতা অবশ্যই চিন্কার চেঁচামেচি করে, বাচ্চাকে সবার সামনে লজ্জা দিয়ে, অথবা তাদেরকে মারধর না করে। এর ফলে আপনার সন্তান বিগড়ে যেতে পারে। আপনাদের ভয়ে হয়তো বা সে সামনে এসব কাজ করবে না, তবে আড়ালে-আবত্তালে করতে সংকোচ বেঁধ করবে না।

**২) শিক্ষা :** শিশুরা যখন অসম্মানিত কোনো কাজ করে ফেলবে তখন তাদেরকে নবি মুহাম্মদ সাল্লাল্লাহু আলাহু ওয়াসাল্লামের উদাহরণ টেনে বোঝাতে হবে। তাদেরকে এ ব্যাপারে শিক্ষা দিতে হবে।

নবিজি বলছেন—

لَيْسَ مِنَ الْمُرْجُحِ مَصْفِيرَتًا، وَيُوْقَنْ كِبِيرًا

যে বড়োদের সম্মান প্রদর্শন করে না, ছেটোদের মেহ করে না সে আমার উচ্চত নয়।<sup>[১]</sup>

যখন পিতামাতা হায়া বা লজ্জা সম্পর্কে বাচ্চাদেরকে শিক্ষা দেবেন তখন কুরআনের এই আয়াত তাদেরকে বোঝাতে পারেন—

[১] সুন্নাত উমাইজি, হাদিস : ১৯২১

وَلَا تَفْقُّ مَا لَيْسَ لَكَ بِهِ عِلْمٌ ۝ إِنَّ السَّمْعَ وَالْبَصَرَ وَالْفُؤَادَ كُلُّ  
أُولَئِكَ كَانُ عِنْدَهُ مَسْئُولٌ.

যে বিষয়ে তোমার কোনো জ্ঞান নেই, সেই বিষয়ে অনুমান দ্বারা পরিচালিত  
হয়ে না। কান, চোখ, অস্তর—ওদের প্রত্যেকের নিকট জিজ্ঞাসাবাদ করা  
হবে। [সূরা বনি ইসরাইল, আয়াত : ৩৬]

ধরন, আপনি আপনার বাচ্চাকে নিয়ে পার্কে যাচ্ছেন। হ্যাঁ করেই আশালীন কোনো  
দৃশ্য চোখের সামনে চলে এলো। এ সময় বাচ্চাকে শ্বরণ করিয়ে দিন যে, আমরা যা  
শুনছি, যা দেখছি সে ব্যাপারে আমাদেরকে আল্লাহর কাছে জবাবদিহি করতে হবে। তাই  
আল্লাহর ভয়ে যেন আমরা এ থেকে নিজেদেরকে সতর্ক রাখি। আপনাকে এই সময়ে  
যথাযথ দায়িত্ব পালন করতে হবে। এটা আপনার ইতিবাচক আচরণ। কিন্তু আপনি যদি  
ব্যাপারটাকে পার্ডা না দেন এবং সন্তান সেদিকে তাকিয়ে আছে সে ব্যাপারটা গুরুত্বের  
সাথে না দেখেন, তবে এটি আপনার নেতৃত্বাচক আচরণ।

কুরআনের আয়াত এবং নবির শিক্ষাগুলোর ব্যবহার শিশুকে বুবাতে সহায়তা করে যে,  
আমরা যা-কিছু করি সবই আল্লাহর জন্য করি। যার কারণে এই আচরণগুলো পিতামাতা  
বাচ্চাদের কাছ থেকে প্রত্যাশা করে। অর্থাৎ পিতামাতা মনগড়া জীবনপদ্ধতি বাতলে  
দিচ্ছেন না বরং কুরআন এবং সুন্নাহের আলোকে বাচ্চাদের জীবন গড়ে তুলছেন। এমন  
আচরণ বাচ্চাদের সঙ্গে পিতামাতার দ্বন্দ্ব এড়াতে সাহায্য করে।

**৩. প্রশিক্ষণ :** কুরআন এবং সুন্নাহের আলোকে বাচ্চাকে তার আচার-আচরণ, ব্যবহার,  
কথা বলার আদর ইত্যাদির প্রশিক্ষণ দিন। তবে এমনটা আশা করবেন না যে, একবার  
বাচ্চাদেরকে এগুলো দেখিয়ে দিলে বা মুখে বললে তারা সবসময় এমন আচরণ বজায়  
রাখবে। বরং বাচ্চাদেরকে হাতে-কলমে শেখান। কারণ, বাচ্চারা চোখ দিয়ে শোনে, কান  
দিয়ে নয়।

পিতামাতা হিসেবে এটি আপনার দায়িত্ব ও কর্তব্য। বাচ্চা তুল করবে, এড়িয়ে যেতে  
চাহিবে কিন্তু আপনাকে সে জায়গায় দৃঢ় থাকতে হবে। সন্তানকে ছাড় দেওয়া যাবে না।  
বারবার প্রশিক্ষণ দিতে হবে। অনুশীলন নিখুঁত না হওয়া পর্যন্ত প্রতিয়া পুনরাবৃত্তি  
করতে হবে।





## আপনার সন্তানকে বুলুন

আপনার সন্তানকে বোঝাৰ বিষয়টি মূলত আসে ইসলামের জ্ঞানের ওপৰ ভিত্তি কৰে।  
কুৱানেৰ প্ৰথম নাজিলকৃত আয়াতে জ্ঞান অৰ্জনেৰ গুৱাহীন আলোচিত হয়েছে। ইৱশাদ  
হচ্ছে—

إِنَّمَا يُسْمِّي رِبَّكَ الَّذِي خَلَقَ

তুমি পাঠ কৰো তোমাৰ ববেৰ নামে, যিনি সৃষ্টি কৰেছেন। [সূৱা আলাক,  
আয়াত : ১]

আপনাকে জ্ঞান অৰ্জন কৰতে হবে। সন্তানদেৱ লালন-পালন কৰা এবং তাদেৱকে  
বিভিন্ন বিষয়ে শিক্ষাদান কৰাৰ জন্য পিতামাতাকে সে বিষয়গুলোৱ জ্ঞান অৰ্জন কৰতে  
হবে। এ বিষয়গুলোৱ ধাৰণা ধাকতে হবে। পিতামাতা যদি বাচ্চাদেৱ একটি কাৰ্যকৰ  
এবং সহযোগিতামূলক উপায়ে মানুষেৰ মতো মানুষ কৰে গড়ে তুলতে চান, তাহলে  
কুৱান এবং সুন্মাহেৰ আলোকে জীবনধাৰা সাজাতে হবে।

মানুষেৰ সমস্ত কাজকৰ্মেৰ একটা উদ্দেশ্য থাকে। সেটা শিশু থেকে শুৰু কৰে  
প্ৰাণৰ বৰষন্দ—লোৱাৰ ক্ষেত্ৰেই প্ৰযোজ্য। আপনাৰ সন্তান যেৱকম ক্ৰিয়া-কলাপ কৰকৰ না  
কৰেন তাৰ অবশ্যই একটা উদ্দেশ্য আছে। সে যদি বিৱাপ আচৰণ কৰে তবে অবশ্যই তাৰ  
পেছনে উদ্দেশ্য থাকবে। পিতামাতা হিসেবে এগুলো খুঁজে বেৱ কৰলুন এবং তাকে  
সংশোধন হতে সাহায্য কৰুন। তাদেৱ বিষয়গুলোতে মনোযোগ দিন।

বাচ্চাদেৱ আশ্রয় প্ৰয়োজন। কেোনো বাচ্চা স্বুল্হে বা তাৰ বন্ধু-বান্ধবদেৱ কাছে নিৱাপদ  
বোধ কৰে, আবাৰ কেউ তাৰ পৰিবাৰেৰ সদস্যদেৱ কাছে নিৱাপদ বোধ কৰে।  
শৈশবকাল থেকেই একটি বাচ্চা তাৰ পৰিবাৰে নিজেৰ জায়গা, নিজেৰ আশ্রয়  
অনুসন্ধান কৰে। পিতামাতা হিসেবে আপনাৰ দারিহু সন্তান যেন নিজেকে একা কৰে না

ফেলে। সে যে মানবাদীয় যাচ্ছে, যে স্কুলে যাচ্ছে, যে সহপাঠীদের সাথে মিশছে তাদের সঙ্গে যেন সে মিশতে পারে এবং নিজেকে আলাদা না মনে করে এ ব্যাপারে তাদেরকে সহযোগিতা করুন। বাড়িতেও তারা যেন তাদের ক্রিয়া-কলাপগুলোর মাধ্যমে সবার সাথে তাদের বন্ধন তৈরি করতে পারে এ ব্যাপারটি নিশ্চিত করুন। খেয়াল রাখবেন, বাচ্চারা যা করছে তা যেন ইন্দুমিশ্টিচার মেনেই করো। যদি ইন্দুমিশ্টিচার কিছু হয় তবে তা থেকে যেন তারা দূরে থাকে।

এ ব্যাপারে পিতামাতা হিসেবে আপনি কিছু কৌশল ইহণ করতে পারেন। বাচ্চারা আনন্দ করবে, তাদের একটা বড়িন জগৎ থাকবে এটাই স্বাভাবিক। তবে এ ক্ষেত্রে আপনি যা করবেন তা হলো—তাকে পুরো একটা ফুটবল ম্যাচ, সারা দিন ধরে মেলায় ঘোরানো এসব না করে বরং ছেটো ছেটো অংশে তাদেরকে ভাগ করে দিন। ফুটবল ম্যাচের একটা ছেট সময় তাদেরকে দেখতে দিন, মেলার একটা নিশ্চিত গান্ডি থেকে অঙ্গসমন্বের জন্য তাদেরকে ঘুরিয়ে নিয়ে আসুন। যেসব জায়গায় শিশুর যাওয়া দরকার নেই, সেসব জায়গায় তাকে ঘোরানোর দরকার নেই। এতে করে আপনার বাচ্চা তার সমবয়সীদের সাথে টিক ওকুন্কু আনন্দময় মুহূর্তের গল্প করতে পারবে, কিন্তু সারা দিন ধরে ঢিতি দেখা, সময় অপচয় করে সারা দিন ঘুরতে যাওয়া ইত্যাদি বদ অভ্যাসগুলো তার ভেতরে জ্ঞাবে না। এভাবে বৃক্ষিমন্ত্র সাথে কৌশলগুলো প্রয়োগ করতে পারেন।

## মনোযোগ পাওয়া

বাচ্চারা সবসময় আপনার মনোযোগ পেতে চায়। আপনার মনোযোগ পাওয়ার জন্য বাচ্চা ভালো মন্দ যেকোনো কাজ করতে রিখা করবে না। আপনি যতক্ষণ না তার দিকে মনোযোগ দিচ্ছেন ততক্ষণ বাচ্চারা তাদের ক্রিয়া-কলাপ পুনরাবৃত্তি করতেই থাকবে। তারা নেতৃত্বাচক কি ইতিবাচক কাজ করছে এ ব্যাপারে তাদের কোনো খেয়াল থাকে না। আপনার মনোযোগ আকর্ষণ করতে পারাই তাদের একমাত্র লক্ষ্য থাকে। তাই পিতামাতা হিসেবে খেয়াল রাখবেন আপনার বাচ্চা যেন নিজেকে আপনাদের কাছ থেকে বাধিত মনে না করে। আপনার বাচ্চা যেন বুরো তাদের উপস্থিতি আপনাদের জন্য আনন্দের। আপনার বাচ্চা কী করছে না করছে সবকিছুই আপনারা লক্ষ করছেন—এ ব্যাপারটি বাচ্চাকে বোঝাতে হবে। যদি কোনো শিশু নিঃশব্দে খেলে এবং কেউ তাকে খেয়াল করছে না তখন সে লড়াই বা দুর্দলির মাধ্যমে সবার মনোযোগ আকর্ষণের চেষ্টা করবে। আবার একটা বাচ্চা খুব দুন্দর করে নিজের রূপ গোছাচ্ছে, ছবি আঁকতে শুরু করে এবং সবাই তার প্রশংসা করছে; তখন সে আরও সুন্দর করে ছবি আঁকতে শুরু করে এবং এভাবে সে মনোযোগ আকর্ষণের চেষ্টা করে। পিতামাতার উচিত তাদের সন্তানের ইতিবাচক আচরণগুলো মনোযোগ সহকারে ইহণ করা এবং নেতৃত্বাচক

আচরণগুলোকে উপেক্ষা করা। উপেক্ষা করার মাধ্যমে খেয়াল রাখতে হবে, বাচ্চা ও যেন তাদের জীবন থেকে কাজটি উপেক্ষা করতে শেখে। করণ, এর দ্বারা সে মনোযোগ হাসিল করতে পারছে না।

**উদাহরণ :** আপনার বাচ্চা আপনার জন্য একটি সুন্দর কিছু একে নিয়ে এলো। আপনি যদি তাকে দেখে বলেন, ‘মাঝাআঘাত! কত সুন্দর একেছ তুমি, আমি অনেক পছন্দ করেছি, অনেক সুন্দর হয়েছে, তুমি আরও সুন্দর কিছু আমার জন্য একে আনবো’ ইতিবাচক মন্তব্যগুলোর মাধ্যমে আপনার বাচ্চা বুবাতে পারবে, সে আপনার মনোযোগ আকর্ষণ করতে পেরেছে। তখন দুষ্টুমি বা অন্যান্য নেতৃত্বাচক কাজগুলো বাদ দিয়ে সে এগুলোর প্রতি মনোযোগী হয়ে উঠবে। এ ছাড়াও বাবা-মাঝের সর্বদা সন্তানের নেতৃত্বাচক আচরণ উপেক্ষা করা উচিত, যাতে সে এটির পুনরাবৃত্তি না করে।

**উদাহরণ :** আপনার বাচ্চা যদি কিছুক্ষণ পরপর ফ্রিজ থেকে জিনিসপত্র বের করে মাটিতে ফেলে দেয়, জামা-কাপড় অগোছালো করে, খেলনাগুলো বিশৃঙ্খলভাবে ছড়িয়ে-ছিটিয়ে রাখে আর আপনি তাকে দেখে চিন্তকার করে বলেন, ‘তোমাকে কতবার বলেছি ফ্রিজ খুলবে না, জামা-কাপড়গুলো এলোমেলো করবে না, খেলনাগুলো গুছিয়ে রাখবে অথচ তুমি আমার কথা শুনছ না। বারবার এসব করেই যাচ্ছ।’ আপনি বিশ্বাস করুন আর মাই কফন, আপনার বাচ্চা আপনার বক্তা থেরে বা আপনাকে রাগতে দেখেও এগুলো করা থেকে বিরত হবে না। কারণ, সে জানে এগুলো করার মাধ্যমে সে আপনার মনোযোগ আকর্ষণ করতে পেরেছে। যদিও সেটা নেতৃত্বাচক। এজন্য আপনার এগুলো উপেক্ষা করা উচিত। যখন আপনার বাচ্চা দেখবে কোনোভাবেই এগুলো করে সে আপনার মনোযোগ আকর্ষণ করতে পারছে না, তখন ঝান্ট হয়ে এগুলো করা এমনিতেই ছেড়ে দেবে।

## তীক্ষ্ণ পর্যবেক্ষণ

আমরা মনে করি বাচ্চারা অনেক ছেটো। তাদের বুদ্ধির পরিদর্শ অনেক কম। তারা অনেক কিছুই বুবাতে পারে না। কিন্তু আসলে ব্যাপারটা সম্পূর্ণ ভুল। বাচ্চারা তীক্ষ্ণভাবে সবকিছু পর্যবেক্ষণ করতে পারে। যদি সে দেখে আপনি নবজাতককে নিয়ে সারা দিন ব্যস্ত সময় পার করছেন, তাকে গোসল করাচ্ছেন, খাওয়াচ্ছেন, আসর করছেন, ঘুম পাড়াচ্ছেন; তখন সে মনে করবে আপনার সকল মনোযোগের কেন্দ্রবিন্দু এই বাচ্চাটি। তাই ছেটো বাচ্চাকে দেখাশোনা করতে গিয়ে বড়ো বাচ্চাকে বঞ্চিত করবেন না। এ ক্ষেত্রে একটা চেমৎকার বিষয় অবশ্য করতে পারেন। আপনারা দুইজন মিলে ছেটো সন্তানের দেখাশোনা করতে পারেন। দুজন মিলে বাচ্চার খাবার তৈরি করা, খাওয়ানো, ঘুম পাড়ানো, জামা-কাপড় পরানো ইত্যাদি কাজগুলো করতে পারেন। এতে করে

আপনার সাথে তার সময় কাটানো হবে এবং বক্ষন দৃঢ় হবে। আর আপনি উভয়কেই সময় দিতে পারবেন।

## বাধায় প্রতিক্রিয়া

যেকোনো বাধায় আমাদের সন্তানদের ভালোবাসা, সমর্থন এবং ক্রমাগত উৎসাহ প্রদান করা অত্যন্ত শুরুত্বপূর্ণ। তারা তাদের দৈনন্দিন জীবনে নানা কাজে যে সমস্যার মুখোমুখি হচ্ছে; যেমন—পড়াশোনা, খেলাধূলা, কথা বলা, সমবয়সীদের সাথে মেলামেশা করা ইত্যাদি তাদের সাথে আলোচনার মাধ্যমে সমাধানে তাদেরকে সহায়তা করুন। আপনার বাচ্চার সাথে কথা বলুন এবং তাদের সমস্যাগুলো জেনে নিন। সমস্যাগুলো থেকে তাদেরকে কাটিয়ে ওঠার জন্য দক্ষ এবং শক্তিশালী হওয়ার চেষ্টা করুন। পিতামাতা হিসেবে এটি আপনার ইতিবাচক অবদান।

## যে কারণগুলো বাচ্চাদের ব্যক্তিত্বকে প্রভাবিত করে

বিশেষজ্ঞরা নিচের তিনটি বিষয়কে শিশুর ব্যক্তিত্ব গঠনে প্রভাবিত করার জন্য সবচেয়ে শুরুত্বপূর্ণ কারণ হিসেবে চিহ্নিত করেছেন—

- পারিবারিক পরিবেশ
- পরিবারের মধ্যে অবস্থান
- প্রশিক্ষণ পক্ষতি

## পারিবারিক পরিবেশ

পরিবার হলো সন্তানের প্রথম পরিবেশ। এটি শিশুর ব্যক্তিত্বের ওপর উল্লেখযোগ্য প্রভাব ফেলে। বাবা-মায়ের মধ্যে সম্পর্ক, পরিবারের অন্যান্য সম্পর্কের মধ্যে একটি আদর্শ তৈরি করো। যদি পিতামাতা একে অপরের সাথে সম্মানজনক, ভালোবাসাপূর্ণ আচরণ করে, একে অপরকে সমীহ করে, একে অপরের ঘৃত নেয় ও নজর দেখায়; তাহলে এই সমস্ত গুণগুলো পরিবারের প্রতিটি সদস্যের জন্য একটি আদর্শমান নির্ধারণ করবে এবং সন্তানের ব্যক্তিত্বকে প্রতিফলিত করবে।

বাচ্চাদেরকে শাসন করার মধ্যেও শৃঙ্খলা বজায় রাখতে হবে। ছেলে-মেয়েদেরকে কীভাবে মানুষের মতো মানুষ করতে হবে সে বিষয়ে বাবা-মাকে একমত থাকতে হবে। একেকজন একেকভাবে চাইলে বাচ্চাদের মধ্যে বিশৃঙ্খলতা দেখা যাবে। কোনো ব্যাপারে বিমত থাকলে বাবা-মা গোপনে এ বিষয়ে নিজেদের মধ্যে আলোচনা করে নেবেন।

ছেলে মেয়েদের সামনে কোনোভাবেই নিজেদের মধ্যকার মতবিরোধ প্রকাশ করবেন না। কিছু বাবা মনে করেন, তারা সারা দিন পরিশ্রম করে টাকা উপার্জন করেন, সুতরাং সন্তান লালন-পালনের ভার শুধু মাঝের ওপর। বাবা একেবারেই সাহায্য করতে চান না। এমনকি তারা মাঝে মাঝে বাচ্চাদের সামনে তাদের প্রতি মাঝের আদেশকে তুচ্ছ-তাছিল্য করেন। এটা বাচ্চাদের মানসিকতার চৰম বিপর্যয় ঘটাই। বাচ্চারা বাবার কাছে উসকানি পেয়ে যায়। বাবা-মা উভয়কেই ‘তারবিয়া’ মেনে চলতে হবে। এটি একটি যৌথ দায়িত্ব। তাদের উচিত একটি সুস্পষ্ট তারবিয়া, পরিকল্পনা প্রণয়ন এবং প্রশিক্ষণ ও দীক্ষার নীতিমালা সম্পর্কে অধ্যয়ন করা ও বিষয়গুলোতে নিজেদের মধ্যে একমত হওয়া। অপরিকল্পিতভাবে তারবিয়া করা উচিত নয়। তারবিয়ার মধ্যমে পিতামাতার উচিত বাচ্চাদের আচরণ পরিচালনা করা।

বাচ্চাদের লালন-পালনের ক্ষেত্রে নিরপেক্ষতা অবশ্যই করুন। ইয়তো আপনার একটা বাচ্চা পড়াশোনায় খুব ভালো, আপনাদের কথা সবসময় মেনে চলে, যেকোনো কাজে পারদর্শী কিন্তু আরেকটা বাচ্চা ঠিক তার বিপরীত। তাহলে আপনি আপনার প্রথম বাচ্চার দিকে বেশি খেয়াল করবেন, তার জন্য বেশি খরচ করবেন, সবসময় তার মন খুশি রাখবেন কিন্তু আরেকজনের ক্ষেত্রে ইনসাফ করবেন না—এটা ঠিক নয়। বাচ্চাদের মধ্যে ইনসাফ করা একটি সুন্দর পারিবারিক পরিবেশ তৈরিতে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে।

বাবা-মা সন্তান ছাড়া পরিবারে অন্য সদস্যরা থাকতে পারে। অন্য সদস্যদের সাথে বাবা-মাঝের পারস্পরিক সহযোগিতা, ভালো ব্যবহার, ইতিবাচক চিন্তা ধারা একটি সুস্থ সুন্দর পারিবারিক পরিবেশ তৈরি করে। এই প্রভাব ছেলে-মেয়েদের মধ্যে ফুটে ওঠে।

বাচ্চাদেরকে ইনসাফ পরিবেশে বেড়ে ওঠার সুযোগ দিন। বাড়িতে দ্বিন মানে না এমন কাউকে অপ্রয়োজন ঢেকাবেন না। ছেলে-মেয়েদের নিয়ে নামাজ পড়ুন, নির্দিষ্ট সময়ে তাদের নিয়ে কুরআন পড়ুন, সবসময় আল্লাহর প্রশংসন করুন এবং তাদেরকেও এসব করতে শেখান। এভাবে বাড়িতে দ্বিনি পরিবেশ গড়ে উঠলে ছেলে-মেয়েদের অঙ্গে আল্লাহর সাথে সম্পর্ক তৈরি হবে।

## পরিবারের মধ্যে সন্তানের অবস্থান

আপনার সন্তান নিজের পরিবারে তার অবস্থান ঘেরকৃতভাবে অনুভব করবে, এর ওপর নির্ভর করে তার ব্যক্তিত্ব গড়ে উঠবে। যদি আপনার একজন সন্তানকে আরেকজন সন্তানের চেয়ে বেশি মনোযোগ দেন, তাহলে যাকে অবাহেলা করছেন সে আপনাদের মনোযোগ পাওয়ার জন্য নেতৃত্বাচক কাজগুলো করতেও হিথা করবে না। তাই এ ব্যাপারে সতর্ক হোন। আপনাদের প্রথম সন্তান আপনাদের প্রচুর ভালোবাসা, আদর-আনন্দ এবং পরিপূর্ণ মনোযোগ পেয়ে বড় হতে থাকে। কিন্তু যখনই আপনার হিতীয়